



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ/১৭/২০২০(খন্ড-১)/১৪৪

তারিখ: ২৩.০৬.২০২৬ খ্রি.

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ সংক্রান্ত।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর/২০২৫ এবং জানুয়ারি-জুন/২০২৬ কিস্তির উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ কার্যক্রম আগামী ২৪.০৬.২০২৬ তারিখ হতে শুরু হবে। HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত সুবিধাভোগী শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরে জুলাই-ডিসেম্বর/২০২৫ এবং জানুয়ারি-জুন/২০২৬ কিস্তির উপবৃত্তি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি'র অর্থ G2P পদ্ধতিতে প্রেরণ করা হবে। উপবৃত্তিপ্ৰাপ্ত সকল শিক্ষার্থী/অভিভাবকের সংশ্লিষ্ট একাউন্টে বিতরণকৃত অর্থ জমা হওয়ার পরপরই উত্তোলনের জন্য অনুরোধ করা হলো।

- ০২। উল্লেখ্য যে, উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ থেকে MFS কর্তৃক নির্ধারিত ক্যাশ আউট চার্জ কর্তন করা হবে না। ক্যাশ আউট চার্জের অর্থ সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরে প্রদান করা হবে।
- ০৩। উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীর তথ্য, একাউন্ট নম্বর, একাউন্ট নম্বরের পিন অথবা OTP নম্বর অন্য কারো সাথে শেয়ার না করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), শিক্ষা মন্ত্রণালয়।
- ০৬। সচিবের একান্ত সচিব (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৭। সচিবের একান্ত সচিব (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

- ১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (উপবৃত্তির অর্থ উত্তোলনের জন্য উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।